৭

## মরণ-বরণ

এস এস এস ওগো মরণ!
এই মরণ-ভীতু মানুষ-মেষের ভয় কর গো হরণ॥

না বেরিয়েই পথে যা'রা পথের ভয়ে ঘরে
বন্ধ-করা অন্ধকারে মরার আগেই মরে,
তাতা থৈথৈ তাতা থৈথৈ তাদের বুকের 'পরে
ভীম রুদ্র তালে নাচুক তোমার ভাঙন ভরা চরণ॥

দীপক রাগে বাজাও জীবন-বাঁশী
মড়ার মুখেও আগুন উঠুক হাসি'!
কাঁধে পিঠে কাঁদে যথা শিকল জুতোর ছাপ
নাই সেখানে মানুষ, সেথা বাঁচাও মহাপাপ!
সে দেশের বুকে শ্মশান মশান জ্বালুক তোমার শাপ,
সেথা জাগুক নবীন সৃষ্টি আবার হোক নব নাম-করণ॥

হাতের তোমার দণ্ড উঠুক কেঁপে
এবার দাসের ভুবন ভবন ব্যেপে'—
মেষগুলোকে শেষ ক'রে দেশ চিতার বুকে নাচো,
শব ক'রে আজ শয়ন, হে শিব, জানাও তুমি আছো।
মরায়-ভরা ধরায়, মরণ! তুমিই শুধু বাঁচো—
এই শেষের মাঝেই অশেষ তুমি, করছি তোমায় বরণ ॥

জ্ঞান-বুড়ো ঐ বল্‌ছে জীবন মায়া,
নাশ কর ঐ ভীরুর কায়া ছায়া!
মুক্তি দাতা মরণ! এসো কাল-বোশেখীর বেশে,
মরার আগেই মর্‌লো যারা নাও তাদেরে এসে,
জীবন তুমি সৃষ্টি তুমি জরা মরার দেশে,
তাই শিকল-বিকল মাগ্‌ছে তোমার মরণ-হরণ শরণ ॥

II সা সা -া | সা -া | সা -া I রা সা -া | ণ্‌ধা -া | ণা -া I
এ স ০ এ ০ স ০ এ স ০ ও ০ গো ০

I সা সা -মা | -া -া | -া -া I -া -া -া | -া -া ‖ মা -া I
ম র ণ্ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ এ ই

I মা মা -া | মা -পা | গা -া I মা ধা -া | না -া | র্সা -া I
ম র ণ্ ভী ০ তু ০ মা নু ষ্ মে ০ ষে র্

I না র্রা র্সা | না -া | ধা -া I পা ধা -া | -া -া | -া -া II
ভ য় ক র ০ গো ০ হ র ণ্ ০ ০ ০ ০

-া -া II মা -া মা | ধা -া | ধা -া I ধা ধা -া | ধা -া | ধা -না I
০ ০ না ০ বে রি ০ য়ে ই প থে ০ যা ০ রা ০

I না র্সা -া | র্সা -া | র্সা -র্রা I না র্সা -া | -া -া | -া -া I
প থে র্ ভ ০ য়ে ০ ঘ রে ০ ০ ০ ০ ০

I না -া র্রা | র্সা -া | র্সা -া I না -া না | ধা -া | ধা -মা I
ব ন ধ ক ০ রা ০ অ ন্ ধ কা ০ রে ০

I মা ধা -া | না -া | র্সা র্রা I না র্সা -া | ধা -া | ধা -না I
ম রা র্ আ ০ গে হ ম রে ০ তা ০ তা ০

I না -র্সা -া | র্সা -নর্সা | ধা না I না -র্সা -া | র্সা -া | -া -া I
থৈ ০ ০ থৈ ০ তা তা থৈ ০ ০ থৈ ০ ০ ০

I র্গর্গা র্গা -া | র্রা -া | র্সা -র্রা I না র্সা -া | -া -া | র্সা -া I
তা দে র্ বু ০ কে র্ প রে ০ ০ ০ ভী ম্

I না -া র্রা | র্সা -া | র্গা -া I না না -া | ধা -া | ধা -পা I
রু ০ দ্র তা ০ লে ০ না চু ক্ তো ০ মা র্

I পা পা -ধা | পা -া | পা গা I পা মা -া | -া -া | -া -া II
ভা ঙ ন্ ভ ০ রা ০ চ র ণ্ ০ ০ ০ ০

-া -া II {মমা মা -া | মা -া | মা -া I মা মা -া | মা -পা | গা -া I
০ ০ দী প ক্ রা ০ গে ০ বা জা ও জী ০ ব ন্

I মা -ধা -া | পধা -ণা | -ধা -পা I পা পা -ধা | পা -া | পা মা I
বাঁ ০ ০ শী০ ০ ০ ০ ম ড়া র্ মু ০ খে ও

I মা মা -া | মা -ধা | পা -া I মা -গা -রা | সা -া | -া -া } I
আ গু ন্ উ ০ ঠু ক্ গা ০ ০ সি ০ ০ ০

I মা মা -া | ধা -া | ধা -া I ধা ধা -া | ধা -া | ধা -না I
কাঁ ধে ০ পি ০ ঠে ০ কাঁ দে ০ য ০ থা ০

I না র্সা -া র্সা -র্রা | না -া I র্সা -া -া | -া -া | -া -া I
শি ক ল্ জু ০ তো র্ ছা ০ ০ ০ ০ ০ প্

I না -া র্রা | র্সা -া | র্সা -া I না না -া | ধা -া | ধা -া I
না ই সে থা ০ নে ০ মা নু ষ্ সে ০ থা ০

I মা ধা -া | না -া | র্সা র্রা I না র্সা -া | -া -া | মা -া I
বাঁ চা ও ম ০ হা ০ পা ০ প্ ০ ০ সে ০

I মা মা -া | মা -পা | গা -া I মা ধা -া | না -া | র্সা -া I
দে শে র্ বু ০ কে ০ শ্ম শা ন ম ০ শা ন্

I র্সা র্সা -র্গা | র্রা -া | র্সা -র্রা I না র্সা -া | -া -া | র্সা র্সা I
জ্বা লু ক্ তো ০ মা র্ শা ০ প্ ০ ০ সে শ্রা

I না না র্রা | র্সা -া | র্সা -া I না -া না | ধা -া | ধা -া I
জা গু ক্ ন ০ বী ন্ সৃ ষ্ টি আ ০ বা র্

I পা -া ধা | পা -া | পা -া I মা মা -া | -া -া | -া -া II
হো ক ন ব ০ না ম্ ক র ণ্ ০ ০ ০ ০

সকল অন্তরার্ সুর-ই একপ্রকার।